



# প্রথম আলো

প্রথম আলো, ২৫-০২-২০২৫, অনলাইন  
অত্র সহপ্রতিষ্ঠাতা রিফাত নবীকে  
সংবর্ধনা দিল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়



ছবি: বিজ্ঞপ্তি

বেসরকারি ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে বিভাগের প্রাক্তন শিক্ষার্থী রিফাত নবীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। কম্পিউটারে বাংলা লেখার কিবোর্ড 'অত্র'-এর সহপ্রতিষ্ঠাতা হিসেবে একুশে পদক অর্জন করায় ২০ ফেব্রুয়ারি বিকেলে বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' মিলনায়তনে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক এম আশিক মোসাদ্দিক। অনুষ্ঠানে রিফাত নবীকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা স্মারক হিসেবে ল্যাপটপ উপহার দেওয়া হয়।

রিফাত নবী বলেন, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তির পর থেকেই তাঁর প্রোগ্রামিংয়ে আগ্রহ জন্মে। সে আগ্রহ থেকেই অত্র দলে কাজ করা শুরু। জীবনে কখন কী কাজে লাগে আগে থেকে বলা যায় না, সে জন্য নিজের ভালো লাগার বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান তিনি।



অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, রিফাত নবীর এ অর্জন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে গর্বিত করেছে। তাঁর অত্র দলের প্রধান মোহেদি হাসান একা একুশে পদক গ্রহণ না করে দলের সবাইকে একসঙ্গে নিয়ে পদক গ্রহণের যেমন নৈতিকতা দেখিয়েছেন, তেমন নৈতিক মানুষ হিসেবে সবাইকে গড়ে উঠতে হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আনিসুর রহমান এবং কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন মাহিন ইসলাম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।